# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ দুশ্চিন্তা দুর করার দুআ

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

দুশ্চিন্তা দুর করার দুআ

১।

اللَّهُمَّ إِنِّي عَبْدُكَ، ابْنُ عَبْدِكَ، ابْنُ أَمَتِكَ، نَاصِيَتِي بِيَدِكَ، مَاضٍ فِيَّ حُكْمُكَ، عَدْلٌ فِيَّ قَضَاؤُكَ، أَسْأَلُكَ بِكُلِّ اسْمٍ هُوَ لَكَ سَمَّيْتَ بِهِ نَفْسَكَ، أَوْ أَنْزَلْتَهُ فِي كِتَابِكَ، أَوْ عَلَّمْتَهُ أَحَدًا مِنْ خَلْقِكَ، أَوِ اسْتَأْثَرْتَ بِهِ فِي عِلْمِ الْغَيْبِ عِنْدَكَ، أَنْ تَجْعَلَ الْقُرْآنَ رَبِيعَ قَلْبِي، وَنُورَ صَدْرِي، وَجَلَاءَ حُزْنِي، وَذَهَابَ هَمِّي

উচ্চারণঃ- আল্লা-হুম্মা ইন্নী আব্দুকা অবনু আব্দিকা অবনু আমাতিক, না-স্বিয়াতী বিয়্যাদিক, মা-যিন্ন ফিইয়্যা হুকমুক, আদলুন ফিইয়্যা ক্বাযা-উক, আসআলুকা বিকুল্লিসমিন হুয়া লাক, সাম্মাইতা বিহী নাফসাকা আউ আনযালতাহু ফী কিতা-বিক, আউ আল্লামতাহু আহাদাম মিন খালকিক, আবিস্তা’সারতা বিহী ফী ইলমিল গাইবি ইন্দাক; আন তাজআলাল কুরআ-না রাবীআ ক্বালবী অনুরা স্বাদরী অজালা-আ হুযনী অহা-বাহাম্মী।

অর্থঃ হে আল্লাহ! নিঃসন্দেহে আমি তোমার দাস, তোমার দাসের পুত্র ও তোমার দাসীর পুত্র, আমার ললাটের কেশগুচ্ছ তোমার হাতে। তোমার বিচার আমার জীবনে বহাল। তোমার মীমাংসা আমার ভাগ্যলিপিতে ন্যায়সঙ্গত। আমি তোমার নিকট তোমার প্রত্যেক সেই নামের অসীলায় প্রার্থনা করছি- যে নাম তুমি নিজে নিয়েছ। অথবা তুমি তোমার গ্রন্থে অবতীর্ণ করেছ, অথবা তোমার সৃষ্টির মধ্যে কাউকে তা শিখিয়েছ, অথবা তুমি তোমার গায়বী ইলমে নিজের নিকট গোপন রেখেছ, তুমি কুরআনকে আমার হৃদয়ের বসন্ত কর, আমার বক্ষের জ্যোতি কর, আমার দুশ্চিন্তা দূর। করার এবং আমার উদ্বেগ চলে যাওয়ার কারণ বানিয়ে দাও। (মুসনাদে আহমদ ১/৩৯১)

২।

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحَزَنِ، وَالْعَجْزِ وَالْكَسَلِ، وَالْبُخْلِ وَالْجُبْنِ ، وَضَلَعِ الدَّيْنِ، وَغَلَبَةِ الرِّجَالِ

উচ্চারণঃ আল্লা-হুম্মা ইন্নী আউযু বিকা মিনাল হম্মি অল হুযনি অল আজযি অল কাসালি অল বুখলি অল জুবনি অ যাল্লাইদ দাইনি অগালাবাতির রিজাল।।

অর্থঃ হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার নিকট দুশ্চিন্তা, দুর্ভাবনা, অক্ষমতা, অলসতা, কৃপণতা, ভীরুতা, ঋণের ভার এবং মানুষের প্রতাপ থেকে আশ্রয় প্রার্থনা করছি। (বুখারি)

৩।

اللَّهُمَّ لا سَهْلَ إِلا مَا جَعَلْتَهُ سَهْلا ، وَأَنْتَ إِنْ شِئْتَ جَعَلْتَ الْحَزَنَ سَهْلا

উচ্চারণঃ- আল্লাহুম্মা লা সাহলা ইল্লা মা জাআলতাহু সাহলা। অআন্তা তাজআলুল হুযনা ইযা শি’তা সাহলা।

অর্থঃ হে আল্লাহ! তুমি যা সহজ করে দিয়েছ তা ছাড়া সহজ কিছু নয়। আর ইচ্ছা করলে তুমিই দুশ্চিন্তাকে সহজ করে থাক। (ইবন হিব্বান, ইবন সুন্নী, সিলসিলাহ সহীহাহ ২৮৮৬নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11746

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন